জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং ০৫জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী(পাস)/২০০২/৪৩৫(অংশ-১)/৫৫৮৪ তারিখ: ১২/১০/২০২৫

# ২০২৩ সালের ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার প্রকাশিত ফলাফলের উত্তরপত্র পুনঃমূল্যায়নের আবেদন প্রসঙ্গে বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার প্রকাশিত ফলাফলের উত্তরপত্র পুনঃমূল্যায়নের জন্য আগামী ১৩/১০/২০২৫তারিখ হতে ২৩/১০/২০২৫ তারিখ পর্যন্ত **Online**-এ আবেদন করা যাবে।

**Pay Slip সংগ্রহ ও জমাদানের নিয়মাবলীঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট https://www.nu.ac.bd/=>Services=>Re-Evaluation or http://103.113.200.36/PAMS/ICTUnit/Re-Evaluation.aspx থেকে Online-এ আবেদন ফরম পূরণ করে Pay Slip ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে হবে অথবা সোনালী ব্যাংকের Online payment gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং সেবা- নগদ, বিকাশ, রকেট অথবা বিভিন্ন ধরনের কার্ড যেমনঃ AMERICAN EXPERESS, VISA, DBBL, NEXUS, MASTER CARD অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব থেকে Online-এ টাকা ট্রান্সফার করে আবেদন করতে পারবে। ফি জমাদানের সাথে সাথে আবেদন প্রক্রিয়া শেষ হবে।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ, Pay Slip ডাউনলোড এবং টাকা জমা দেয়া যাবেনা। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে এবং পরবর্তীতে যে কোন প্রকার জটিলতার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

আবেদনের সময় পত্রকোড অত্যন্ত সতর্কতার সঙ্গে পূরণ করতে হবে। **ভুল কোডে আবেদন করলে পরবর্তীতে কোনভাবেই সংশোধন করা যাবে না।**

**উল্লেখ্য, প্রকাশিত ফলাফলের উত্তরপত্র পুনঃমূল্যায়ন ফি- প্রতিপত্র ১০০০/-(এক হাজার) টাকা।**

মোঃ এনামুল করিম
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন ঃ ০২-৯৯৬৬৯১৫১৭